

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৩৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২৯]
৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (کتاب الفضائل)
পরিচ্ছেদঃ ১৮৫: ওজুর ফযীলত

(185) بَابُ فَضْلِ الْوُضُوْءِ

আরবী

وَعَنْهُ: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أَتَى المَقبَرَةَ، فَقَالَ: «السَّلاَمُ عَلَيْكُمْ دَارَ قَومٍ مُوْمِنِينَ، وَإِنَّا إِنْ شَاءَ اللهُ بِكُمْ لاَحِقُونَ، وَدِدْتُ أَنَّا قَدْ رَأَيْنَا إِخْوانَنَا» قَالُوا: أَولَسْنَا إِخْوَانَكَ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ؟ قَالَ: «أَنتُمْ أَصْحَابِي، وَإِخْوَانُنَا الَّذِينَ لَمْ يَأْتُوا بَعْدُ» قَالُوا: كَيْفَ تَعْرِفُ مَنْ لَمْ يَأْت بَعْدُ مِنْ أُمَّتِكَ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ؟ فَقَالَ: «أَرَأَيْتَ لَوْ أَنَّ رَجُلاً لَهُ خَيلٌ غُرُّ مُحَجَّلَةٌ بَيْنَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ؟ فَقَالَ: «أَرَأَيْتَ لَوْ أَنَّ رَجُلاً لَهُ خَيلٌ غُرُّ مُحَجَّلَةٌ بَيْنَ طَهْرَيْ خَيْلٍ دُهْمٍ بُهُم، أَلاَ يَعْرِفُ خَيْلَهُ ؟» قَالُوا: بَلَى يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، قَالَ: «إِنَّهُمْ يَأْتُونَ غُرًا مُحَجَّلِينَ مِنَ الوُضُوءِ، وَأُنَا فَرَطُهُمْ عَلَى الحَوْضِ». رواه مسلم، قَالَ: «إِنَّهُمْ يَأْتُونَ غُرًا مُحَجَّلِينَ مِنَ الوُضُوءِ، وَأُنَا فَرَطُهُمْ عَلَى الحَوْضِ». رواه مسلم

বাংলা

৬/১০৩৬। উক্ত রাবী (আবূ হুরাইরা) রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একবার) কবরস্থানে এসে (কবর-বাসীদের সম্বোধন করে) বললেন, "হে (পরকালের) ঘরবাসী মুমিনগণ! তোমাদের উপর শান্তি বর্ষণ হোক। যদি আল্লাহ চান তো আমরাও তোমাদের সঙ্গে মিলিত হব। আমার বাসনা যে, যদি আমরা আমাদের ভাইদেরকে দেখতে পেতাম।" সাহাবীগণ নিবেদন করলেন, 'হে আল্লাহর রাসূল! আমরা কি আপনার ভাই নই?' তিনি বললেন, "তোমরা তো আমার সহচরবৃন্দ। আমার ভাই তারা, যারা এখনো পর্যন্ত আগমন করেনি।"

সাহাবীগণ বললেন, 'হে আল্লাহর রাসূল! আপনার উম্মতের মধ্যে যারা এখনো পর্যন্ত আগমন করেনি, তাদেরকে আপনি কিভাবে চিনতে পারবেন?' তিনি বললেন, "আচ্ছা বল, যদি খাঁটি কাল রঙের ঘোড়ার দলে, কোনো লোকের কপাল ও পা সাদা দাগবিশিষ্ট ঘোড়া থাকে, তাহলে কি সে তার ঘোড়া চিনতে পারবে না?" তাঁরা বললেন, 'অবশ্যই পারবে, হে আল্লাহর রাসূল!' তিনি বললেন, "তারা এই অবস্থায় (হাশরের মাঠে) আগমন করবে যে, ওযু করার দরুন তাদের হাত-পা চমকাতে থাকবে। আর আমি 'হাওজে'-এ তাদের অগ্রগামী ব্যবস্থাপক হব।" (অর্থাৎ



তাদের আগেই আমি সেখানে পৌঁছে যাব।) (মুসলিম) [1]

English

(185) Chapter: The Merits of Ablutions (Wudu')

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (**) went to the (Baqi') cemetery and said, "May you be secured from punishment, O dwellers of abode of the believers! We, if Allah wills, will follow you. I wish we see my brothers." The Companions said, "O Messenger of Allah! Are not we your brothers?" He (**) said, "You are my Companions, but my brothers are those who have not come into the world yet." They said; "O Messenger of Allah! How will you recognize those of your Ummah who are not born yet?" He (**) said, "Say, if a man has white-footed horses with white foreheads among horses which are pure black, will he not recognize his own horses?" They said; "Certainly, O Messenger of Allah!" He (**) said, "They (my followers) will come with bright faces and white limbs because of Wudu'; and I will arrive at the Haud (Al-Kauthar) ahead of them."

[Muslim].

Commentary: On the principle "The believers are brothers" that is manifested in Surat Al-Hujurat of the Qur'an (49:10), the Prophet (PBUH) regarded all the successive generations of Muslims as his brothers. His Companions have an added distinction that they are his brothers as well as his companions. This Hadith also mentions Haud Al-Kauthar which is awarded to the Prophet (PBUH) on the Day of Requital, and he will give water from it to his followers after which they will never feel thirst. hose who invent innovations in religion, will be deprived of this honour, as is evident from other narratives. Farat is a person who goes ahead of the others in the caravan and makes arrangements for the encampment and provisions of the caravan. It is a unique distinction of the Muslims that their Prophet (PBUH) will be holding that position on the Day of Reguital.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৩৬৭, মুসলিম ২৪৯, নাসায়ী ১৫০, আবূ দাউদ ৩২৩৭, ইবনু মাজাহ ৪৩০৬, আহমাদ ৭৯৩৩, ৮৬৬১, ৯০৩৭, ৯৫৪৭, ৯৬৯৩, মুওয়াত্তা মালিক ৬০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন